

বারাকপুর গান্ধী স্মারক সংগ্রহালয়ের নবতম সংযোজন গান্ধী ভাবনা ও সমাজ সচেতনতা (সতন্ত্রতা সেনানী—দেশের কথা দেশের কথা)



প্রদর্শনী

নিজস্ব প্রতিনিধি: আধুনিক ভারতে একটি অত্যন্ত গরিমাময় ও পৌরবোদ্ধল আন্দোলনে ব্যাপ্ত অগণিত স্বাধীনতা সংগ্রামী যৌদের মহিমাময়, মূল্যবোধ সম্পন্ন জীবন ও অবদান, মাধনা ও ত্যাগ স্বীকার কিংবদন্তির মত। বর্তমান প্রজন্মের কাছে সুস্থ মানসিকতা ও চরিত্র গঠনের ক্ষেত্রে স্বাধীনতা সংগ্রামীগণ অনায়াসেই আদর্শ হতে পারেন ও তাঁদের স্বদেশ প্রেম দেশকে বিভিন্ন বিষয়ে গর্বিত করবার ক্ষেত্রে অনুপ্রেরকের কাজ করতে পারে।

এই বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য গান্ধী সংগ্রহালয়, বারাকপুরের পক্ষ থেকে 'স্বাধীনতা সেনানী স্মরণে' এই শিরোনামে ছাত্র-ছাত্রীদের জন্য একটি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এই কার্যক্রম অনুসারে সংগ্রহশালা তাদের বিভিন্ন ধরনের শিক্ষামূলক অনুষ্ঠানগুলি নিয়ে প্রথমে বারাকপুর ও পরে আশেপাশের জেলাগুলিতে পৌছে যেতে শুরু করেছে। ফলে স্বাধীনতা সংক্রান্ত ছায়াচিত্র ও প্রদর্শনী দেখানো হচ্ছে ও দর্শকদের সঙ্গে বিভিন্ন ধরনের বিষয়ের ওপর মতামত বিনিময় ও প্রতিযোগিতাও শুরু হয়েছে। কার্যক্রমটি প্রথমে জেলাভিত্তিক হয়ে পরবর্তীকালে ফাইনাল প্রতিযোগিতা হবে সংগ্রহশালায়। আরও একটি কার্যক্রম শুরু হয়েছে 'দেশের কথা দেশের কথা' এরফলে ভারত সহ বিশ্বের মানুষজনের পরিষ্কৃতি ও পরিবেশ সম্বন্ধে ছাত্রছাত্রীদের সচেতন করার প্রচেষ্টা, কারণ মহাত্মাগান্ধী সচেতন ভাবে বিশ্বজুড়ে বিশ্ব প্রকৃতির যে দূরবস্থা লক্ষ্য করেছিলেন তার সমস্যার সমাধানের কথা বলেছেন ও নিজের জীবনে অনুরূপ আচরণ করেছেন। তার মানববতার আদর্শ হল সুস্থ প্রকৃতি, পরিবেশ সচেতন মানবতা। এই বিষয়ে সংগ্রহালয় বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে চলেছে। 'সতন্ত্রতা সেনানী দেশের কথা দেশের কথা'। এই নামাঙ্কিত প্রথম অনুষ্ঠানটি করা হয় দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবনের রায় দিঘির প্রত্যন্ত ভদ্রপাড়া গিলছাট হাইস্কুলে গত ২২ জানুয়ারী শুক্রবার। এদিন বারাকপুর স্মারক সংগ্রহালয়ের অধিকর্তা-সম্পাদক পথিক ঘোষ, প্রোগ্রাম কো-অর্ডিনেটর এনাঙ্কী চ্যাটার্জী, সুকুমার গায়ন, ইন্দ্রদীপ ব্যানার্জী ও ভীম সিং সকালেই ওই বিদ্যালয়ে হাজির হন। প্রায় ২৫০০ ছাত্র-ছাত্রী এবং ৪৮ জন শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষা কর্মীদের নিয়ে সারাদিন র্যাপী অস্থায়ী প্রদর্শনী-আলোক চিত্রে তিন মহাজীবন—গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুর, মহাত্মাগান্ধী ও নেতাজী সুভাষ চন্দ্র বসু-প্রদর্শিত হয় বিদ্যালয় প্রাঙ্গণে। দেখানো হয় একটি তথ্যচিত্র 'মুক্তির বহিঃশিখা'—স্বাধীনতার প্রেক্ষাপটে বারাকপুর, দৃশ্যশ্রাব্য উপস্থাপনার মাধ্যমে এবং সব শেষে ছাত্র-ছাত্রীদের মধ্যে ২০ টি কুইজের প্রশ্ন রাখা হয়। ছাত্র-ছাত্রীরা বেশীর ভাগ কুইজের সত্তব্য উত্তর দেয়। মহাত্মাগান্ধীকে নিয়েই কুইজের প্রশ্নাগুলি ছিল। অবশেষে ক্যানিং অঞ্চলের যুক্তিবাদী সাংস্কৃতিক সংস্থা ধারা সুন্দরবনের সাপ সম্পর্কে বিস্তারিত আলোচিত ও প্রদর্শিত হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বপ্নন কুমার চক্রবর্তী ও অন্যান্য শিক্ষক ও শিক্ষাকর্মীদের আতিথেয়তা সম্পর্কে উচ্ছসিত প্রশংসা করেন বারাকপুর স্মারক সংগ্রহালয়ের অধিকর্তা-সম্পাদক পথিক বাবু। অনুষ্ঠান শেষে কুইজ বিজয়ী ছাত্র-ছাত্রীদের পুরস্কৃত করা হয়। এই অনুষ্ঠানকে ঘিরে বিদ্যালয় সহ এলাকার মানুষের মধ্যে ছিল প্রবল উৎসাহ। ১৬ ফেব্রুয়ারী পরবর্তী অনুষ্ঠানটি হবে পশ্চিম মেদিনীপুর অন্তর্গত নারায়ণ গড় উচ্চ বিদ্যালয়ে, জানানেন এনাঙ্কী দেবী।



কুইজ চলছে

The periodical *Bibartan* reported the first Outreach Programme undertaken by the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore for the schools of the remote rural areas, that took place at the premises of the Bhadrpara Gilarchhat High School, Raidighi, District 24 Parganas South on January 22, 2016.